



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মন্ত্রণালয়

দৈনিক মজুরি ভিত্তিক অস্থায়ী শ্রমিক/কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

নং-৪৬.১০.০০০০.০০৫.১১.১১৪.১৯ -৭১৬


তারিখঃ ৩১ ভাদ্র ১৪২৬
১২ সেপ্টেম্বর ২০১৯

স্থানীয় সরকার বিভাগের ০৫ আগস্ট ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.৩৩৫.২০১৪-৯৬৫ সংখ্যক স্মারকের অনুমোদনের পরিপ্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে দৈনিক মজুরি ভিত্তিক কাজ করলে মজুরি না করলে নেই শর্তে ৯০ (নব্বই) জন অদক্ষ শ্রমিক (মশক কর্মী) এবং ৩ (তিন) জন দক্ষ শ্রমিক (ওয়েব্রীজ অপারেটর কর্মী) নিয়োগ করা হবে। “কাজ করলে মজুরি না করলে নেই” ভিত্তিতে কাজ করতে আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স
১	অদক্ষ শ্রমিক (মশক কর্মী)	৯০ জন	➤ প্রাথমিক কমান্ডে অষ্টম শ্রেণি পাশ হতে হবে।	প্রার্থীদের বয়স অনধিক ৩০ বছর।
২	দক্ষ শ্রমিক (ওয়েব্রীজ অপারেটর কর্মী)	০৩ জন	➤ প্রাথমিক কমান্ডে এস.এস.সি পাশ হতে হবে।	মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

শর্তাবলীঃ

- নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। ডিএনসিসি'র ওয়েব-সাইট (www.dncc.gov.bd) এ আবেদন ফরম পাওয়া যাবে।
- প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
(ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয় পত্র (ভোটার আইডি কার্ড)/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
(খ) শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদ এর সত্যায়িত ফটোকপি।
(গ) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল অবশ্যই থাকতে হবে।
- আবেদনপত্র সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা বরাবর আগামী ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং সিলগালাকৃত আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- প্রার্থীর বয়স ৩০/০৯/২০১৯ তারিখে ১৮ (আঠার) থেকে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে; মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে হতে হবে।
- অদক্ষ শ্রমিক (মশক কর্মী) এর ক্ষেত্রে সর্বসাকুল্যে দৈনিক মজুরি ৪৭৫/- (চারশত পঁচাত্তর) টাকা এবং দক্ষ শ্রমিক (ওয়েব্রীজ অপারেটর কর্মী) এর ক্ষেত্রে সর্বসাকুল্যে দৈনিক মজুরি ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হবে।
- প্রার্থীকে সুস্থ ও সুঠাম স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
- এ নিয়োগ সম্পূর্ণরূপে অস্থায়ী ও দৈনিক মজুরি ভিত্তিক এবং ভবিষ্যতে কোনক্রমে রাজস্ব খাতে নিয়মিতকরণের বা স্থায়ীকরণের কোন সুযোগ থাকবে না।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।
- যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/ প্রত্যাহার/অন্যান্য সকল অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


সচিব
৩১/৯/১৯

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. বিভাগীয় প্রধান (সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. সিস্টেমস এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি বহল প্রচলিত ২টি দৈনিক পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা।
৮. সচিবের ব্যক্তিগত সহকারী।
৯. অফিস কপি।